kotak
Kotak Mahindra Bank
কোটক মহিন্দ্রা ব্যাঙ্ক

সাধারণ মানুষের জন্য ব্যাঙ্কিং

01

আমি কীভাবে একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারি ?

এটি খুবই সহজ। একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার জন্য আপনাকে একটি সাম্প্রতিকতম ছবি সহ 'পরিচয় এবং ঠিকানার প্রমাণ' দিতে হবে।

02

আমার 'পরিচয়ের প্রমাণ' এবং 'ঠিকানার প্রমাণ' হিসাবে কি কি নথিপত্র প্রদান করতে হবে ?

পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ভোটার আইডেন্টিটি কার্ড, ইউআইডিএআই দ্বারা জারি করা আধার কার্ড এবং এনরেগা কার্ডের মত যে কোনও একটি নথি 'পরিচয়ের প্রমাণ' হিসাবে প্রদান করা যেতে পারে। যদি এই নথিগুলিতে আপনার ঠিকানাও থাকে তাহলে সেটিকে 'পরিচয় এবং ঠিকানার প্রমাণ' উভয়ের জন্যই ব্যবহার করা যেতে পারে।

03

আমি যদি চেন্নাইতে থাকি এবং আমার ঠিকানার প্রমাণে আমার নিউ দিল্লির ঠিকানা থাকে, তাহলেও কি আমি চেন্নাইতে একটি অ্যাকাউন্ট খুলতে পারি ?

নিশ্চয়ই পারবেন। আপনার নিউ দিল্লির ঠিকানার প্রমাণপত্রের সাথে, যোগাযোগের উদ্দেশ্যে আপনাকে আপনার চেন্নাইয়ের ঠিকানার প্রমাণপত্র প্রদান করতে হবে

04

ব্যাঙ্কের কেন পরিচয় এবং ঠিকানার প্রমাণপত্রের প্রয়োজন ?

আপনার গ্রাহককে জানুন (কেওয়াইসি) প্রয়োজনীয়তার অংশ হিসাবে ব্যাঙ্কগুলি তাদের গ্রাহকদের বিষয়ে সঠিকভাবে অবগত কিনা তা নিশ্চিত করার জন্য আপনার পরিচয় এবং ঠিকানার প্রমাণ প্রয়োজন হয়।

05

আমার 'পরিচয়ের প্রমাণ' দেখানোর মত কোনো নথি না থাকলে আমি কি করবো ? আমি কি তাও একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারি ?

অবশ্যই খুলতে পারেন। আপনি এমতাবস্থাতেও আপনার সাম্প্রতিক ছবি প্রদান করে এবং ব্যাঙ্ক কর্মকর্তার সামনে আপনার স্বাক্ষর বা আঙ্গুলের ছাপ প্রদান করে 'স্মল অ্যাকাউন্ট' নামে পরিচিত একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারেন। যদিও, এই 'স্মল অ্যাকাউন্ট'-এর কিছু নির্দিষ্ট সীমাবদ্ধতা রয়েছে যেমন যে কোনো সময়ে ব্যালেন্স 50,000 টাকার বেশি হওয়া উচিত নয়, এক বছরে মোট ক্রেডিট 1,00,000 টাকার বেশি হওয়া উচিত নয় এবং একমাসে মোট নগদ উত্তোলন 10,000/- টাকার বেশি হওয়া উচিত নয়।

06

আমি চাই না যে আমার অ্যাকাউন্ট কোনো সীমাবদ্ধতার অধীনে থাকুক। কিন্তু যদি আমার পরিচয়ের প্রমাণ হিসাবে দেখানোর জন্য আমার কাছে কোনো নথি না থাকে, তাহলেও কি আমি একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারি ?

হ্যাঁ, এমতাবস্থাতেও একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারেন, কেবলমাত্র যদি আপনাকে ব্যাঙ্কের দ্বারা 'নিম্ন ঝুঁকিপূর্ণ' বা 'লো রিস্ক' গ্রাহক হিসাবে মূল্যায়ন করা হয়, নিম্নলিখিত নথিগুলির মধ্যে থেকে একটি কপি বা অনুলিপি প্রদান করে:

(i) কেন্দ্রীয় / রাজ্য সরকারি বিভাগ, সংবিধিবদ্ধ / নিয়ন্ত্রক কর্তৃপক্ষ, অধিগৃহীত পাবলিক সেক্টর, তফসিলি বাণিজ্যিক ব্যাঙ্ক এবং পাবলিক ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন দ্বারা জারি করা আপনার ছবি সহ পরিচয়পত্র;

বা

(ii) যথাযথরূপে আপনার একটি প্রত্যয়িত ছবি সহ একজন গেজেটেড অফিসার দ্বারা জারি করা একটি চিঠি।

KMBL / Aug 2023 / V 1.0